

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১ ৭১-৭২ পুরাতন
এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০



১৬.০৮.২০২০ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:


সভাপতি	মো: রাকিব উদ্দিন ইনোভেশন অফিসার ও প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)
সভার তারিখ	১৬.০৮.২০২০
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	Zoom Online সভা
উপস্থিতি	১. জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক(সিপি-০৫), এমআরটি (লাইন-৬) ২. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬) ৩. জনাব মোঃ জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬) ৪. জনাব মোঃ উজ্জল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬) ৫. জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

Zoom Online এর মাধ্যমে অনুষ্ঠিত সভায় সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ২০২০-২০২১ সালের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ২০২০-২০২১ সালের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় ইনোভেশন কর্মকর্তা জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ছক অনুযায়ী ইতোমধ্যেই ডিএমটিসিএল-এর ২০২০-২০২১ সালের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনাটি গত ২৬.০৭.২০২০ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে তা প্রকাশ করা হয়েছে। প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনাটি বাস্তবায়নে তিনি সবার সহযোগিতা কামনা করেন।	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ২০২০-২০২১ সালের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার শতভাগ বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম, ডিএমটিসিএল

২.	সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ আয়োজন	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী কর্মচারীগণের উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একদিনের কর্মশালা/সেমিনার ও দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। করোনা উদ্ভূত পরিস্থিতির উন্নতির পর কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ মত প্রকাশ করেন।	উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ডিসেম্বর ২০২০/জানুয়ারি ২০২১ মাসের সুবিধাজনক সময়ে কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম, ডিএমটিসিএল
৩.	উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহ্বান	প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর কার্যক্রম ৫.১ অনুযায়ী স্থায়ী দপ্তরের সেবায় উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক ৩.১১.২০২০ তারিখের মধ্যে তালিকা তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। এ বিষয়ে আলোচনায় সদস্যগণ মত প্রকাশ করেন যে, ডিএমটিসিএল-এর সকল পর্যায়ের কর্মচারীর কাছে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করলে বেশি উদ্যোগ/ধারণা পাওয়া যাবে। আলোচনান্তে, উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করে ১৫-১০-২০২০ তারিখের মধ্যে জমা প্রদানের নিমিত্ত সকল পর্যায়ের কর্মচারীর কাছে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করে ১৫-১০-২০২০ তারিখের মধ্যে জমা প্রদানের নিমিত্ত সকল পর্যায়ের কর্মচারীর কাছে পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম, ডিএমটিসিএল

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: রাকিব উদ্দিন

ইনোভেশন অফিসার ও প্রকল্প ব্যবস্থাপক

(সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)


স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯.১৯

তারিখ: ৪ ভাদ্র ১৪২৭

১৯ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রকল্প ব্যবস্থাপক-২ (সিপি-০৩ এবং সিপি-০৪), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ২) উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিভিল) (সিপি-০৫), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ৩) মো: জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৪) মো: শহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৫) মো: উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৬) মো: আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল) (সিপি-০৩ ও ০৪), ডিএমআরটিডিপি (লাইন-৬)



মোঃ রাকিব উদ্দিন
প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড
টেলিকমিউনিকেশন)